Australian Government
Immigration Assessment Authority

ইমিগ্রেশন অ্যাসেসমেন্ট অথরিটি সম্পর্কে আপনার কি জানা থাকা দরকার

আইএএ (IAA) এর কাজ কি?

দ্যা মাইগ্রেশন অ্যাক্ট ১৯৫৮ (দ্যা অ্যাক্ট)এর অধীনে ইমিগ্রেশন অ্যাসেসমেন্ট অথরিটি (দ্যা আইএএ) প্রতিষ্ঠিত। আমরা ইমিগ্রেশন এন্ড বর্ডার প্রোটেকশনের মন্ত্রী (দ্যা মিনিষ্টার) কতক নেওয়া সুনির্দিষ্ট কিছু সিদ্ধান্ৰ দ্রুন্নত পুনবিবেচনা করার জন্য ৰমতাপ্রাপ্ত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। এই সিদ্ধান্ৰগুলো হল ফাস্ট ট্র্যাক আবেদনকারী হিসাবে পরিচিত আবেদনকারীদের প্রোটেকশন ভিসা দিতে মন্ত্রী অস্বীকার করেছেন। আপনি একজন ফাস্ট ট্র্যাক আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন যদি আপনি ২০১২ সালে ১৩ আগষ্টে অথবা তার পরে কিন্ৰৰ ১লা জানুয়ারী ২০১৪ এর পূর্বে বৈধ ভিসা ছাড়া নৌকায় (boat) করে অষ্ট্রেলিয়ায় এসেছেন এবং অষ্ট্রেলিয়ায় প্রোটেকশন ভিসা আবেদনের জন্য মন্ত্রী কর্তৃক অনুমতি পেয়েছেন। আপনি একজন ফাস্ট ট্র্যাক আবেদনকারী হিসাবেও বিবেচিত হতে পারেন যদি মন্ত্রী কর্তৃক ঘোষিত একটি নির্দিষ্ট শ্রেনীর ব্যাক্তি হন।

কিছু ফাস্ট ট্র্যাক আবেদনকারী আইএএ কর্তৃক পুনবিবেচনার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন না। আপনার প্রোটেকশন ভিসার আবেদন প্রত্যাখ্যাত হলে স্বরাষ্ট বিভাগ (Department of Home Affairs) (দ্যা ডিপার্টেমেন্ট) আপনাকে জানাবে যে আপনি আইএএ কর্তৃক পুনবিবেচনার জন্য উপযুক্ত কি না।

ফাস্ট ট্র্যাক আবেদনকারীদের থেকে আইএএ সরাসরি পুনবিবেচনার জন্য কোন আবেদন গ্রহন করে না। আপনি যদি ফাস্ট ট্র্যাক আবেদনকারী হন এবং আপনার প্রোটেকশন ভিসার আবেদন প্রত্যাখ্যাত হয়েছে এবং যদি আপনি পুনবিবেচনার জন্য উপযুক্ত হন, তবে ডিপার্টমেন্ট স্বয়ংক্রিয়ভাবে আমাদের কাছে প্রেরন করবে।

আইএএ (IAA) কি ধরনের সিদ্ধান্ৰ নিতে পারে?

আইএএ দু ধরনের সিদ্ধান্ৰ নিতে পারে। প্রোটেকশন ভিসা না দেওয়ার ব্যাপারে আমরা ডিপার্টমেন্টের সিদ্ধান্ৰের সাথে একমত হতে পারি অথবা আপনার কেসটাকে আরও পুনবিবেচনার জন্য ডিপার্টমেন্টের কাছে ফেরত পাঠাতে পারি, কারন, উদাহরনস্বরন্নপ আমরা মনে করি যে আপনি একজন শরনার্থী (Refugee). আইএএ এর প্রোটেকশন ভিসা দেওয়ার ৰমতা নেই।

ডিপার্টমেন্ট কর্তৃক আপনার অবেদন বাতিলের সময় ডিপার্টমেন্টের কাছে আপনার সম্পর্কে যে সমস্ৰ তথ্য ছিল আমরা শুধুমাত্র সেই সব তথ্যগুলো বিবেচনা করব, আমরা সীমিত পরিস্থিতিতে নতুন তথ্য বিবেচনা করতে পারি।

ডিপার্টমেন্ট কর্তৃক আপনার ফাইল আমাদের কাছে পাঠানো হলে, আমরা আমাদের সিদ্ধান্ৰ এবং এ ধরনের সিদ্ধান্ৰের কারন সম্পর্কে আপনার সাথে সরাসরি যোগাযোগ করব।

দ্যা অ্যাক্ট বা আইনটিতে প্রোটেকশন ভিস পাওয়ার শর্তাবলী উলেস্নখ করা আছে। বেশিরভাগ ৰেত্রে, প্রাথমিক বিষয় হল আপনি শরনার্থী (Refugee) কিনা অথবা, অন্যথায়, অষ্ট্রেলিয়া থেকে অন্য কোন দেশে পাঠানো হলে আপনার গুরন্নতর ৰতির সত্যিকারের কোন ঝুকি আছে কিনা।

আপনার পরিবারের অন্য সদস্যগন যদি আপনার আবেদনের সাথে অন্ৰভক্ত থাকে, *তবে সবার কেসগুলো একসাথে* বিবেচনা করার উদ্যোগ নেব।

পুনর্বিবেচনার জন্য কত সময় লাগতে পারে?

যেহেতু প্রতিটি কেসই ভিন্ন ধরনের, কতদিন সময় লাগতে পারে তা বলা কঠিন। বেশিরভাগ কেসগুলো পুর্নবিবেচনা ছয় সপ্তাহের মধ্যে শেষ করাই আইএএ এর লৰ্য, তবে পুনবিবেচনায় কতদিন লাগবে তা বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে।

আমার কেসের কি তথ্য আইএএ এর কাছে আছে?

আপনার কেস বিবেচনার সময় ডিপার্টমেন্টের কাছে আপনার কেসের সাথে সম্পর্কযুক্ত সমস্ৰ তথ্যই আইএএ এর কাছে পাঠাবে। প্রোটেকশন ভিসার দরখাস্ৰ করার সময় আপনি যে সমস্ৰ ডকুমেন্ট বা ডকুমেন্টগুলো ডিপার্টমেন্টকে দিয়েছিলেন সেগুলো সহ। সাধারনত, ডিপার্টমেন্টের সিদ্ধান্ৰ বিবেচনার সময় আমরা শুধুমাত্র ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত ডকুমেন্টগুলো বিবেচনা করে সিদ্ধান্ৰ নেই।

আমি কি আইএএ কে নতুন কোন তথ্য দিতে পারি?

বিশেষ পরিস্থিতিতে যদি নতুন তথ্য নেওয়া ন্যায়সংগত হয়, শুধুমাত্র সেই ৰেত্রে আমরা নতুন তথ্য বিবেচনা করি। নতুন তথ্য হল সেই তথ্যগুলো যদি আপনার কেসের সাথে সম্পর্কিত হয় এবং ডিপার্টমেন্টের সিদ্ধান্ৰ গ্রহনের সময় এইগুলো ডিপার্টমেন্টের কাছে ছিল না।

আপনি যদি নতুন কোন তথ্য আমাদের বিবেচনা করতে বলেন, তবে অবশ্যই আপনাকে ব্যাখা দিতে হবে কেন এই তথ্যগুলো:

- ডিপার্টমেন্ট আপনার প্রোটেকশন ভিসা প্রত্যাখান করার আগে কেন এইগুলো জমা দিতে পারেন নাই
- আপনার এমন কোন বিশ্বাসযোগ্য তথ্য যা ডিপার্টমেন্টের জানা থাকলে হয়তো ডিপার্টমেন্টের সিদ্ধান্ৰকে প্রভাবিত করতে পারত।

এই ব্যাখা ৫ পৃষ্ঠার বেশী হতে পারবে না এবং আপনি আমাদের যে নতুন তথ্য দিতে চান তা এর সাথে সংযুক্ত থাকতে হবে।

দয়া করে লৰ্যে রাখুন:

- আপনাকে অবশ্যই ব্যাখ্যা করতে হবে যে কেন আপনার প্রদানকৃত নতুন তথ্যগুলো আপনার কেসের সাথে সম্পর্কিত।
- আপনি যদি কোন মিডিয়া রিপোর্ট অথবা আপনার দেশ সম্পর্কিত কোন রিপোর্ট প্রদান করেন, তবে রিপোর্টটি কোন সুত্র থেকে পেয়েছেন তা অবশ্যই উলেস্নখ করতে হবে।

- আপনাকে অবশ্যই রিপোর্টের কপি দিতে হবে অথবা সংশিস্নষ্ট সংযুক্তির কপি দিতে হবে। আমরা আশা করি না যে সবার জন্য পাওয়া যায় এমন রিপোর্টের তালিকা অথবা রিপোর্টসমূহের ওয়েভের ঠিকানা দিবেন।
- আপনি যদি ইংরেজিতে নয় এমন কোন ডকুমেন্ট জমা দিতে চান, তবে অবশ্যই তার সাথে NAATI অ্যাক্রিডিটেট অনুবাদক দ্বারা অনুবাদ করে দিতে হবে। যদি ইংরোজিতে অনুবাদকৃত জমা না দেন, তবে সংশিস্নষ্ট ডকুমেন্টটি আমরা বিবেচনা নাও করতে পারি।

ডিপার্টমেন্ট কর্তৃক আপনার কেস আমাদের কাছে পাঠানোর অবশ্যই ২১ দিনের মধ্যে নতুন তথ্য আমাদের কাছে জমা দিতে হবে যদিও আমরা তা চাইনি।

খুবই সীমিত কিছু পরিস্থিতিতে, আমরা আপনার কেস সম্পর্কিত নতুন তথ্য বা মন্ব্যব্য লিখিতভাবে জমা দেয়ার জন্য অথবা ইন্টারভিউর জন্য আমন্ত্রন জানাতে পারি।

আইএএ তে আমি কি কোন কিছু জমা দিতে পারি?

আপনি লিখিতভাবে জমা দিতে পারেন:

- আপনি কেন ডিপার্টমেন্টের সাথে দ্বিমত পোষন করছেন, এবং
- ডিপার্টমেন্টের কাছে দাবী বা কোন বিষয় উপস্থাপন করেছিলেন যা ডিপার্টমেন্ট বিবেচনা করে নি।

আপনার জমাকৃত ডকমেন্টটি অবশ্যই সংৰিপ্ত হতে হবে। তা অবশ্যই ৫ পৃষ্ঠার বেশী হতে পারবে না এবং ডিপার্টমেন্ট কর্তৃক আপনার কেস আমাদের কাছে পাঠানোর ২১ দিনের মধ্যে আমাদের কাছে জমা দেওয়া উচিত হবে।

আইএএ কাছে আছে এমন তথ্যসমূহ কি আমি পেতে পারি?

আপনার কেস সম্পর্কিত যে সব তথ্য আইএএ এর কাছে, কিছু বিধি নিষেধ ছাড়া, তা পেতে ফ্রিডম অব ইনফরমেশন অ্যাক্ট ১৯৮২ অনুযায়ী আপনি অনুরোধ করতে পারেন। যদি আমরা কোন তথ্য প্রকাশে অপরাগ হই, তবে কেন পারব না তা আমরা আপনাকে জানাব। আপনাকে যে কোন ডকুমেন্ট না দেওয়ার ব্যাপারে আমাদের সিদ্ধান্ব্র পুর্নবিবেচনার জন্য আপনি কি করতে পারেন সে ব্যাপারে আমরা আপনাকে পরামর্শ দিব। তথ্য পাবার ব্যাপারে আরও বিস্ব্রারিত আমাদের ওয়েব সাইট www.iaa.gov.au পাওয়া যাবে।

আইএএ কিভাবে আমার সাথে যোগাযোগ করবে?

আইএএ সাধারনত আপনার সাথে ইমেলের সাথে যোগাযোগ করবে। আমরা অবশ্য আপনার সাথে টেলিফোনেও যোগাযোগ করতে পারি। আপনি নিজকে আমাদের সাথে যোগাযোগের জন্য মনোনীত করতে পারেন, অথবা আপনার পৰে অন্য একজনকে আমাদের সাথে যোগাযোগের জন্য নিয়োগ দিতে পারেন (ঐ ব্যাক্তি আপনার

অনুমোদিত প্রাপক হিসাবে বিবেচিত হবেন)। আপনি যদি একজন অনুমোদিত প্রাপক হিসাবে নিয়োগ দেন, তবে আমরা তার কাছে সমস্ব চিঠিপত্র পাঠাব।

ডিপার্টমেন্টের সাথে যোগাযোগের জন্য অন্য কোন ব্যাক্তিকে নিয়োগ করে *থাকলে, তা আইএএ এর ৰেত্রে কার্যকরী হবে না। আপনি যদি অন্য ব্যাক্তিকে আপনার পৰে আমাদের সাথে* যোগযোগের জন্য নিয়োগ দিতে চান, তবে ঐ ব্যাক্তির নাম ও যোগাযোগের বিস্ৰারিত আমাদের জানাতে হবে।

যদি আপনার যোগাযোগের ঠিকানা ও ফোন নাম্বার পরিবর্তন করেন, যদি আপনার অনুমোদিত প্রাপক *থাকে এবং তার যোগাযোগের ঠিকানা ও ফোন নাম্বার পরিবর্তন হয়, তবে তা অতি সত্বর আমাদের জানাতে হবে। যদি কোন প্রকার পরিবর্তন হয়, তবে তা আপনার অনুমোদিত প্রাপক (যদি থেকে* থাকে) এবং ডিপার্টমেন্টকে জানাতে হবে।

আপনি আমাদের সাথে ইমেল iaa@iaa.gov.au অথবা টেলিফোন ১৮০০ ২০৫ ৯১৯ এ যোগাযোগ করতে পারেন।

পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব

আইএএ এর কার্যপদ্ধতি সহজভাবে পরিকল্পিত হয়েছে যেন পেশাগত উপদেশ বা পরামর্শ নেওয়ার উপর ফলাফল নির্ভরশীল নয়। যাই হউক, ব্যাপক পরিসরে আপনি বিভিন্ন সংগঠন এবং ব্যাক্তিবর্গের কাছ থেকে পরামর্শ ও সহায়তা নিতে পারেন। আমরা কোন নির্দষ্ট সেবা প্রদানকারীর ব্যাপারে অনুমোদন বা সুপারিশ করি না। কাউকে নির্বাচন করার সময় আপনার সতর্কতা অবল্বন করা উচিত, এবং প্রশ্ন করে জেনে নেওয়া উচিত হবে যে তারা রেজিষ্ট্রার মাইগ্রেশন এজেন্ট কিনা অথবা অন্যভাবে আইনগতভাবে সহায়তা করার যোগ্য কি না।

মাইগ্রেশন এজেন্টস রেজিষ্ট্রশন অথরিটি এর ওয়েবসাইট (www.mara.gov.au) এ মাইগ্রেশন এজেন্ট খুজে পাওয়া এবং তাদের সেবা কিভাবে পাওয়া যাবে সে সর্ম্পকিত তথ্য আছে। বিভিন্ন ভাষায় এই তথ্য পাওয়া যাবে। নিদৃষ্ট কোন মাইগ্রেশন এজেন্ট রেজিষ্ট্রকৃত কিনা তাও জানা যাবে।

আইএএ এর সাথে কাজ করার সময় অন্য কেহ আপনার প্রতিনিধি হিসাবে কাজ করতে পারে। একজন প্রতিনিধি আপনার পৰে আমাদের সাথে যোগাযোগ করতে পারে এবং আপনার কেস সম্পর্কিত আমাদের কাছে *থাকা ডকুমেন্টসমুহ চাইতে পারে। সাধারনত, একজন ব্যাক্তিই এই সাথে* প্রাতনিধি ও অনুমোদিত প্রাপক হিসাবে নিযুক্ত হয়ে থাকেন। *আপনার যদি কোন প্রতিনিধি থেকে* থাকে, তবে অতিসত্বর আমাদের জানানো আপনার উচিত হবে।

আমার যদি অভিযোগ থেকে থাকে, তবে আমি কি করব?

আইএএ এর সেবা প্রদানের মান সম্পর্কে আপনার কোন মন্ৰব্য বা অভিযোগ থাকেলে, তবে কিভাবে অভিযোগ করা যাবে তার নির্দেশনার জন্য দয়া করে আমাদের ওয়েবসাইট (www.iaa.gov.au) এ দেখুন।